# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৮৬]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ জুমআর দিন সাধ্যানুযায়ী উত্তম পোষাক পরিধান করা

## باب يَلْبَسُ أَحْسَنَ مَا يَجِدُ

আরবী

□□□ـ عَنْ عُمَرَ : أَنَّهُ رَأَى حُلَّةً سِيَرَاءَ عِنْدَ بَابِ الْمَسْجِدِ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، لَوِ اشْتَرَيْتَ هَذِهِ فَلَبِسْتَهَا يَوْمَ الْجُمُعَةِ، وَلِلْوَفْدِ إِذَا قَدِمُوا عَلَيْكَ. فَقَالَ رَسُولُ اللَّهِ إِنَّمَا يَلْبَسُ هَذِهِ مَنْ لا خَلاقَ لَهُ فِي الآخِرَةِ. ثُمَّ جَاءَتْ رَسُولَ اللَّهِ مِنْهَا حُلَلٌ، فَأَعْطَى عُمَرَ بْنَ الْخَطَّابِ مِنْهَا حُلَّةً، فَقَالَ عُمَرُ: يَا رَسُولَ اللَّهِ! كَسَوْتَنِيهَا وَقَدْ قُلْتَ فِي حُلَّةِ عُطَارِدٍ مَا قُلْتَ؟ قَالَ رَسُولُ اللَّهِ إِنِّي لَمْ أَكْسُكَهَا لِتَلْبَسَهَا. فَكَسَاهَا عُمَرُ بْنُ الْخَطَّابِ أَخًا لَهُ بِمَكَّةَ مُشْرِكًا. (بخارى:□□□)

বাংলা

৪৮৯) উমার ইবনুল খাত্তাব (রাঃ) হতে বর্ণিত, একদা তিনি মসজিদে নববীর দরজার সামনে এক জোড়া রেশমী কাপড় বিক্রয় হতে দেখে বললেনঃ হে আল্লাহর রাসূল! জুমআর দিন এবং আপনার কাছে যখন প্রতিনিধি দল আগমণ করবে তখন তাদের সাথে সাক্ষাৎ করার সময় পরিধান করার জন্য আপনি যদি এটি ক্রয় করতেন তাহলে খুব ভাল হত। তিনি বললেনঃ আখেরাতে যাদের কোন অংশ নেই তারাই কেবল এটি পরিধান করতে পারে। পরবর্তীতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট কয়েক জোড়া রেশমী কাপড় আসল। তা থেকে একজোড়া কাপড় উমার ইবনুল খাত্তাবকে দান করলেন। উমার (রাঃ) বললেনঃ হে আল্লাহর রাসূল! আপনি আমাকে এটি পরিধান করতে দিলেন? অথচ উতারিদের রেশমী পোষাক সম্পর্কে আপনি কথা বলেছিলেন। (আখেরাতে যাদের কোন অংশ নেই তারাই কেবল এটি পরিধান করতে পারে) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন বললেনঃ আমি তোমাকে এটি পরিধান করার জন্য দেইনি। অতঃপর উমার (রাঃ) মক্কাতে তাঁর এক মুশরেক ভাইকে পরার জন্য দান করে দিলেন।

## English

To wear the best clothes (for the Jumu'ah prayer)

Narrated Umar bin Al-Khattab:

I saw a silken cloak (being sold) at the gate of the Mosque and said to Allah's Apostle, "I wish you would buy this to wear on Fridays and also on occasions of the arrivals of the delegations." Allah's Messenger (ﷺ) replied, "This will be worn by a person who will have no share (reward) in the Hereafter." Later on similar cloaks were given to Allah's Messenger (ﷺ) and he gave one of them to `Umar bin Al-Khattab. On that `Umar said, "O Allah's Messenger (ﷺ)! You have given me this cloak although on the cloak of Atarid (a cloak merchant who was selling that silken cloak at the gate of the mosque) you passed such and such a remark." Allah's Messenger (ﷺ) replied, "I have not given you this to wear". And so `Umar bin Al-Khattab gave it to his pagan brother in Mecca to wear.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89787

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন